আজকের কাগজ

তারিখ ··· 16 AUG 1994
পৃষ্ঠা ৯ কলাম ৫

27

### পরীক্ষার্থীদের চিন্তার অবসান ঘটাতে

# খুব শিগগিরই এসএসসির ফল প্রকাশ হচ্ছে

কাগজ প্রতিবেদকঃ আর মাত্র অল্প কয়েকটা দিন। তারপরই প্রকাশিত হবে দেশের ৪টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল। সেই সঙ্গে অবসান ঘটবে লাখ লাখ পরীক্ষার্থীর প্রতীক্ষার প্রহর। সঠিক তারিখটা এখনো নিশ্চিত করে কেউ বলতে পারছেন না। কর্তৃপক্ষ অবশ্য বলেছেন যে, ফলাফল মোটামুটি গুছিয়ে আনা হয়েছে। এখন বাকি শুধু প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা।

এই আনুষ্ঠানিকতা পালন করতে তাদের কতটা সময় লাগবে তাই এখন বিবেচ্য বিষয়। কেউ কেউ আগামী ১৮ তারিখে ফলাফল ঘোষণা হবে বললেও এই তারিখের ওপর জোরালো কোন সমর্থন পাওয়া যায়নি। তবে এটা নিশ্চিত করে বলা যায় যে, আগামী সপ্তাহের শুরুতেই হয়তো ফলাফল ঘোষণা করা হতে পারে।

এদিকে পরীক্ষার্থীদের শুরু হয়েছে নিশি জাগরণ। ফলাফল কি হয় না হয় তা ভেবে ভেবেই এখন তাদের সময় কাটছে। কিছুতে মন বসছে না। কেউ কেউ বোর্ড অফিসে ইতিমধ্যেই ঘোরাঘুরি শুরু করেছে। যদি একটু আগে ফলাফল জানা যায় সেই প্রত্যাশায়।

এবার কম্পিউটার পদ্ধতি প্রয়োগ করে ফলাফল দেয়া হচ্ছে। ফলে অনেক কর্মকর্তা কর্মচারির পক্ষেই আগে থেকে ফলাফল জেনে যাওয়া অসম্ভব হয়ে পড়েছে।

কিন্তু অনেক অভিভাবক এ আশংকাও ব্যক্ত করেছেন যে, কম্পিউটার পদ্ধতি ব্যবহারে যদি দক্ষ লোকের স্বল্পতা থাকে তাহলে হয়তো নির্ভুল ফলাফল প্রকাশ সম্ভব হবে না। সেক্ষেত্রে উল্টাপাল্টা ডাটা এন্ট্রির ফলে অনেক ফেল করা ছাত্রের নাম পাশের তালিকায় এসে জেতে পারে। পক্ষান্তরে অনেক ছাত্র পাশ করা সত্ত্বেও তালিকা থেকে বাদ পড়তে পারে। এই ঘটনা তখনই ঘটবে না যখন, সার্বিক কম্পিউটার প্রক্রিয়া সুষ্ঠুভাবে প্রয়োগ করা সম্ভব হবে। অভিভাবকদের এ আশংকাকে অমূলক বলে রায় দিয়েছেন জনৈক বোর্ড কর্মকর্তা।